

Bangladesh Nurses Association (BNA)

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)

সভাপতি

খাঁন মোঃ গোলাম মোরশেদ

কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ

রেজি নং : এস-৪১২২এ

মহাসচিব

ইসরাইল আলী



স্মারক নং: বিএনএ/পত্র/নং: ৮৯

তারিখ: ০৯ জুলাই, ২০২৩ ইং

প্রাপক

পরিচালক,

শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল,

বগুড়া-৫৮০০।

বিষয়: গঠনতত্ত্ব বিরোধী, বেআইনিভাবে, অবৈধ পত্রায় কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের অনুমোদন ব্যতীত বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন-বিএনএ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া শাখা কমিটির কার্যকারিতা বাতিল প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মানপূর্বক আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন-বি.এন.এ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় অধীনে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের মাধ্যমে দি সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাঞ্চ ১৮৬০ অনুসরণ পূর্বক ১৯৭৩ সালে নিবন্ধিত, রেজি নং S-4122-A এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ কপিরাইট অফিস কর্তৃক, ২০০০ সনের ২৮ নং কপিরাইট আইনে নিবন্ধিত, রেজি নং সিআরএ-২৮৪০১ একটি পেশাজীবী সংগঠন। এই সংগঠনের একটি নিজস্ব গঠনতত্ত্ব রয়েছে গঠনতত্ত্ব মোতাবেক কেন্দ্রীয় কমিটি, বিভাগীয় কমিটি, জেলা কমিটি ও শাখা কমিটি গঠন করা হয়। গঠনতত্ত্ব মোতাবেক শাখা কমিটি গঠন করার লক্ষ্যে জেলা কমিটির মাধ্যমে বিভাগীয় কমিটি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটিকে সুপারিশ করলে শাখা কমিটি চূড়ান্ত অনুমোদন করার সুযোগ সৃষ্টি হয়। এই অবস্থায় আমাদের বিভাগীয় নেতৃত্বনের মাধ্যমে অবগত হয়েছি যে, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া শাখায় বি.এন.এ গঠনতত্ত্ব বিরোধী সম্পূর্ণ মনগড়া বেআইনি পত্রায় মোছাঃ মাহফুজা আকতার (মুক্তা), সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালকে সভাপতি ও মোহাঃ সিরাজুল ইসলাম, নাসির সুপারভাইজার, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালকে সাধারণ সম্পাদক করে ৪৩ সদস্য বিশিষ্ট একটি শাখা কমিটি গঠন করা হয়েছে। অর্থে গঠনতত্ত্ব অনুসারে মেডিকেল কলেজ হাসপাতালের জন্য শাখা কমিটি সর্বোচ্চ ১৯ সদস্য বিশিষ্ট এবং এই সংখ্যার বেশি হওয়ার আইনগত কোন সুযোগ নাই। যেহেতু বিষয়টিকে কেন্দ্র করে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের সাধারণ নার্সদের মধ্যে তীব্র ক্ষেত্রের সৃষ্টি হয়েছে। আমাদের স্থানীয় নেতৃত্বে এই বিষয়ে আপত্তি জানিয়েছেন এবং বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন বিএনএ এর সদস্য ব্যতীত এই কমিটি গঠন ও নির্বাচনে অংশগ্রহণ করার সুযোগ নাই। তাই আমাদের সংগঠনের প্রত্যেক সদস্যকে অনলাইনের মাধ্যমে আবেদন করে নির্ধারিত ফি মেম্বারশিপ জমা দিয়ে মেম্বারশিপ কার্ড সংগ্রহ করতে হয় এবং এর মাধ্যমে নির্বাচনে অংশগ্রহণ ও ভোট প্রদান সহ পৃথিবীর যেকোন প্রান্ত থেকে অনলাইনে মেম্বারশিপ ভেরিফিকেশন করা সম্ভব হয়। ফলশ্রুতিতে প্রত্যেক নির্বাচিত/ অনুমোদিত শাখা কমিটি, জেলা কমিটি ও বিভাগীয় কমিটি কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের নেতৃত্বনের অনুমোদনক্রমে আমাদের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করা হয়। এর প্রেক্ষিতে গত ০৭ জুলাই ২০২৩ ইং রোজ শুক্রবার, কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের মাসিক মিটিংয়ে বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে আলোচনা করা হয়। উপস্থিত নেতৃত্ব এই মর্মে সিদ্ধান্তে উপনীত হন যে, যেহেতু গঠনতত্ত্ব বিরোধী, সম্পূর্ণ বেআইনি পত্রায়, নিজস্ব মনগড়া পদ্ধতি অবলম্বন করে এই ধরনের কমিটি গঠন করা হয়েছে। তাই শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়ার ৪৩ সদস্য শাখা বিশিষ্ট কমিটির আইনগত

০৫/০৭/২০২৩

Page 1 of 2

Bangladesh Nurses Association (BNA)

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)

সভাপতি

খাঁন মোঃ গোলাম মোরশেদ

কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ

রেজি নং : এস-৪১২২৬

মহাসচিব

ইসরাইল আলী



কোন বৈধতা নাই এবং আইনগতভাবে অচল, অবৈধ ও অকার্যকর। এমতাবস্থায় বিষয়টি আপনার সদয় অবগতি ও জ্ঞাতার্থে জানানো হইলো।

আপনার সার্বিক সহযোগিতা ও আন্তরিকতার জন্য অসংখ্য ধন্যবাদ।

অনুরোধক্রমে,


মে. মো. খনুরুফ হোসেন

খাঁন মোঃ গোলাম মোরশেদ

সভাপতি

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন-বিএনএ

বাড়ী নং- ১২৮/ক, নিচতলা, রোড নং- ০৫,

পি.সি কালচার হাউজিং সোসাইটি,

শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

মোবাইল: ০১৯৫৫-৬৮৮০৩৮

E-mail: president@bna.com.bd

www.bna.com.bd

অনুলিপি সদয় অবগতী ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
২. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন-বিএমএ, বিএমএ ভবন, ১৫/২ তোপখানা রোড, ঢাকা-১০০০।
৩. মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন-বিএমএ, বিএমএ ভবন, ১৫/২ তোপখানা রোড, ঢাকা-১০০০।
৪. রেজিস্টার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলত ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা ১০০০।
৫. পরিচালক স্বাস্থ্য, পরিচালকের কার্যালয় - রাজশাহী বিভাগ, রাজশাহী সদর, রাজশাহী।
৬. জেলা প্রশাসক, প্রশাসকের কার্যালয়, বগুড়া-৫৮০০।
৭. সিভিল সার্জন, সিভিল সার্জন এর কার্যালয়, বগুড়া-৫৮০০।
৮. সেবা তত্ত্বাবধায়ক/উপ সেবা তত্ত্বাবধায়ক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া-৫৮০০।
৯. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন এর কার্যালয়, বগুড়া-৫৮০০।